

১৪ বছর বয়সে তাক লাগানো অর্জন রুশোর

বিজ্ঞান-প্রযুক্তি ডেস্ক || রাইজিংবিডি.কম

প্রকাশিত: ১৯:৩৩, ১৯ জুন ২০২২ আপডেট: ১৯:৪১, ১৯ জুন ২০২২



বয়স মাত্র ১৪। এই বয়সেই জটিল সব গাণিতিক সমস্যার সমাধান করে তাক লাগিয়ে দিয়েছে রুশো। সমাধান করছে বিশ্ববিদ্যালয় স্তরের অঙ্ক ও বিজ্ঞানের নানা সূত্র। এই কিশোরের পুরো নাম মাহির আলি রুশো। রাজধানীর মনিপুর হাইস্কুলের নবম গ্রেডের শিক্ষার্থী সে।

রুশোর বাবা-মা দুজনেই চিকিৎসক। ছেলের ছোটবেলা থেকে বিজ্ঞান আর গণিতের প্রতি সন্তানের ঝোঁক দেখে কিছুটা অবাক হয়েছেন। প্রথম দিকে নিজেরাও বিশ্বাস করতে চাননি। কিন্তু যখন দেখলেন, একের পর এক জটিল এবং উচ্চপর্যায়ের গাণিতিক সমস্যার সমাধান করছে, তখন তারা ছেলের প্রতিভাবে বিকাশ করতে তার হাতে তুলে দিতে থাকেন বইপত্র।

রুশোর প্রতিভার কথা বলতে গিয়ে তার বাবা সেন্ট্রাল মেডিক্যাল হাসপাতালের মেডিসিন বিভাগের প্রধান প্রফেসর মোহাম্মদ আলী বলেন, ‘সে যখন ক্লাস ফাইভে পড়ে, তখন থেকেই তার বিজ্ঞানের প্রতি প্রচণ্ড ঝোঁক ছিল। সে সময় আমার একটা ল্যাপটপ ছিল, সেটাও খুব বেশি ভালো ছিল না। কিন্তু একটা পর্যায়ে আমি খেয়াল করি, সে আমার ল্যাপটপে ভিডিও দেখছে। এসব ভিডিও ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথের ভিডিও। আর সবগুলোর তার চেয়ে অনেক আপার লেভেলের।’

মোহাম্মদ আলী বলেন, ‘রুশোর বয়স যখন ১১ বছর, তখন সে ক্যালকুলাস এবং জ্যামিতিক বিভিন্ন সমাধান রপ্ত করে ফেলে। ১২ বছর বয়সে কলেজ পর্যায়ের গণিত ও ফিজিক্স অনায়াসে করতে পারতো সে।’

২০২০ সালের মার্চ থেকে রুশো অনলাইনে বিভিন্ন দেশি-বিদেশি বিশ্ববিদ্যালয়ের গণিত, ক্যালকুলাস, ফিজিক্স, কেমিস্ট্রি বিষয়ে অসংখ্য অনলাইন কোর্সে অংশ নেয়। এ সময়ে ‘সেন্ট জোসেফ ন্যাশনাল পাই অলিম্পিয়াড’ প্রতিযোগিতায় নেয় এবং হয়ে যায় চ্যাম্পিয়ন। এতে তার মনোবল বেড়ে যায়। পর্যায়ক্রমে বিশ্বের বিভিন্ন দেশের অনলাইন কোর্সে অংশ নিতে থাকে। এখন পর্যন্ত রুশো ৫০টিরও বেশি অনলাইন কোর্স সম্পন্ন করেছে বিশ্বের স্বনামধন্য বিশ্ববিদ্যালয়গুলো থেকে। এসব বিশ্ববিদ্যালয়ের মধ্যে অস্ট্রেলিয়ান ন্যাশনাল ইউনিভার্সিটি, স্ট্যামফোর্ড ইউনিভার্সিটি, হার্ভার্ড ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব এডিনবার্গ অন্যতম।

রুশো বলে, ‘কেউ কাউকে শেখাতে পারে না। নিজে থেকে শিখতে হয়। আমাদের সবসময় অ্যাকাডেমিক বইয়ের বাইরে পড়ার অভ্যাস তৈরি করতে হবে। কেননা আমরা নিজের বই তো পড়বোই, তার বাইরে সেটা কেন হচ্ছে সেটা জানতে অন্য বইও পড়ব। আমরা আসলে যা পড়ি সেটা খুব শর্টকাট। সেখানে গভীরভাবে কোনো কিছু দেখানো হয় না। তাই সেটা জানতে হলে পড়াশোনার বিকল্প নেই।’

বিভিন্ন প্রতিযোগিতা ও অর্জন

এই ক্ষুদ্রে জিনিয়াস দেশে এবং দেশের বাইরের অসংখ্য প্রতিযোগিতা ও অলিম্পিয়াডে অংশ নিয়েছে। এর মধ্যে ওপেন কনটেন্ট অলিম্পিয়াডে রুশোকে প্রতিযোগিতা করতে হয়েছে বিশ্ববিদ্যালয় স্তরের সঙ্গে। ‘ওয়ার্ল্ড গ্লোবাল চাইল্ড প্রডিজি অ্যাওয়ার্ড কমিটি’ মাহির আলি রুশোর সম্মানসূচক অর্জনগুলোর প্রমাণ করেছেন। কমিটি জানিয়েছে, তারা রুশোকে নিয়ে প্রতিবেদন প্রকাশ করবে।

সেন্ট জোসেফ ন্যাশনাল পাই অলিম্পিয়াডে এ অংশ নিয়ে নটরডেমের শিক্ষার্থীকে হারিয়ে হয়েছে চ্যাম্পিয়ন। বাংলাদেশ ম্যাথমেটিক্স অলিম্পিয়াড, বাংলাদেশ ফিজিক্স অলিম্পিয়াড, জামাল নাল কেমিস্ট্রি অলিম্পিয়াড চ্যাম্পিয়ন এবং জামাল নাক্রল জ্যোতির্বিদ্যা উৎসব, ন্যাশনাল সাইবার অলিম্পিয়াড, বাংলাদেশ জ্যোতির্বিদ্যা অলিম্পিয়াডসহ অসংখ্য প্রতিযোগিতায় আঞ্চলিকভাবে বিজয়ী হয়েছে রুশো।

এছাড়া বাংলাদেশ আইকিউ অলিম্পিয়াডে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন এবং ভারতে সিপিএস অলিম্পিয়াডে বাংলাদেশের হয়ে প্রতিনিধিত্ব করেছে। এই কিশোর বাংলাদেশ বিজ্ঞান সংগঠন থেকে 'গুগল-আইটি অলিম্পিয়াডে চ্যাম্পিয়ন পদক পায়। 'হিগসিনো বায়োলজি অলিম্পিয়াড' বিজয়ীও হয় সে।

তাছাড়া সেন্ট জোসেফ থেকে সুডোকু উৎসব, বাংলাদেশ সায়েন্স কংগ্রেসের সারা দেশের মধ্যে পদার্থবিদ্যা এবং 'ফটোগ্রাফিং ডেসক্রাইবিং কনটেস্ট' এর চূড়ান্ত বিজয়ী, 'নেট্রোফিল সায়েন্স অলিম্পিয়াড অ্যাস্ট্রোনমি: বাংলাদেশ রোবট' নক-আউট রাউন্ডসহ অসংখ্য প্রতিযোগিতায় বিজয়ী হয়েছে রুশো।

আন্তর্জাতিক প্রতিযোগিতা এবং অর্জন

দেশের পাশাপাশি আন্তর্জাতিক 'অনলাইন ফিজিক্স অলিম্পিয়াড-২০২১' এ তার দল ইনভাইটেশনাল রাউন্ড বিজয়ী; তার অধিনায়কত্বে ১৫ জনের সদস্যদের একটি দল আন্তর্জাতিক 'পারপেল ম্যাথ কমেট মেট' প্রতিযোগিতায় প্রথম স্থান দখল করে।

ভারতে জ্যোতির্বিদ্যার আসর আইওএসএ-২০২১ একক প্রতিযোগিতায় গোল্ড মেডেল অর্জন করে রুশো এবং আন্তর্জাতিক আসরে 'স্কুল কানেকশন ম্যাথ, সায়েন্স অ্যান্ড আর্টিফিশিয়াল কনটেস্ট' এ জিতেছে স্বর্ণপদক। 'স্টেমকো ইন্টারন্যাশনাল ফিজিক্স, ক্যামিস্ট্রি, বায়োলজি' প্রদত্ত বিষয়ে 'বেস্ট অ্যাওয়ার্ড' অর্জন এবং সেরা মেধা তালিকায় থাকার গৌরব অর্জন করে।

দেশভিত্তিক আন্তর্জাতিক প্রতিযোগিতা 'আউলিপিয়া সায়েন্স অ্যান্ড টেক কনটেস্ট' এ পরপর দুইবার রৌপ্য পদক, একবার স্বর্ণপদক এবং দুইবার ব্রোঞ্জ পদক নিয়ে বিজয়ী হয় রুশো এবং বিশ্বব্যাপী চ্যালেঞ্জের জন্য ২০২২ সালের জুনে যুক্তরাজ্য সফরের জন্য আমন্ত্রণপত্রও পেয়েছে।

বাংলাদেশের এই কিশোর মার্কিন যুক্তরাষ্ট্রভিত্তিক অলিম্পিয়াড 'জিনিয়াস সেলেবরাম অলিম্পিয়াড' থেকে আর্ট, জেনারেল নলেজ এবং সাইবার এ জিনিয়াস পদক অর্জন করেছে। এছাড়া সম্প্রতি হার্ভার্ড ইউনিভার্সিটি স্নাতকোত্তর স্টুডেন্ট কর্তৃক চালিত 'ইন্টারন্যাশনাল লিডারশিপ ইথিকস অ্যান্ড লাইফ স্কিল অলিম্পিয়াড' দ্বারা শ্রেষ্ঠ ৫০ জনের মেধা তালিকায় থাকার গৌরব অর্জন করে।

ইন্টারন্যাশনাল অলিম্পিয়াড ফাউন্ডেশনের বেসরকারি অলিম্পিয়াড ইন্টারন্যাশনাল জিকে অলিম্পিয়াডে সর্বপ্রথম বাংলাদেশ থেকে স্বর্ণপদক এবং গণিত অলিম্পিয়াডে ব্রোঞ্জ পদক অর্জন করে রুশো। এছাড়া পরিবেশ বিজ্ঞানেও তার সাফল্য রয়েছে। বাংলাদেশ ক্লাইমেট সায়েন্স অলিম্পিয়াডের আঞ্চলিক বিজয়ী এবং উইজডম একাডেমি ক্লাইমেট ফেয়ার-২০২১ এর ন্যাশনাল বিজয়ী সে।

গবেষণা ও প্রকাশনা

এরই মধ্যে ৫০টিরও বেশি অনার্স ও মাস্টার্স কোর্স শেষ করেছে রুশো এবং এমআইটি, হার্ভার্ড, স্টামফোর্ড ইউনিভার্সিটি থেকে সনদ অর্জন করেছে। বর্তমানে রুশো যুক্তরাষ্ট্রের ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজি, ক্যামব্রিজের আওতায় ম্যানুফ্যাকচার ইঞ্জিনিয়ারিং বিষয়ে মাইক্রোমাস্টার্স কোর্সে অধ্যয়নরত রয়েছে। পাশাপাশি বিশ্বখ্যাত হার্ভার্ড ইউনিভার্সিটিতে কেমিস্ট্রি বিষয়ে মাইক্রোমাস্টার্স কোর্সে সুযোগ পেয়েছে। ১৪ বছর বয়সি এই কিশোর ইতিমধ্যে আইজেএসআর, আইওএসআর, কোয়েস্ট-এ বেশ কিছু জার্নাল প্রকাশ করেছে এবং গবেষণাপত্র লিখেছে।

/ফিরোজ/

